

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date: 26-01-2025

Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

President- Republic Day:

প্রজাতন্ত্র দিবস ভারতবর্ষের সকল নাগরিকদের জন্য এক আনন্দ ও গর্বের দিন। ৭৬ তম প্রজাতন্ত্র দিবসের প্রাক সন্ধ্যায় জাতির উদ্দেশ্যে ভাষণ দিতে গিয়ে, রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু গতকাল একথা বলেন। সংবিধান খসড়া কমিটির চেয়ারম্যান বাবা সাহেব আব্বেদকরের প্রতি শ্রদ্ধা জানিয়ে তিনি বলেন, ভারতীয় সংবিধানই গত ৭৫ বছরে দেশের অগ্রগতির পথে দিক নির্দেশ করেছে। স্বাধীনতার বীর সেনানীদের আত্মত্যাগের কথা স্মরণ করে শ্রীমতি মুর্মু বলেন, সব বাধা কাটিয়ে ভারত আবার জ্ঞান ও প্রজ্ঞার উৎস হিসেবে বিশ্বে পরিচিত হতে পেরেছে। রাষ্ট্রপতি আরও বলেন, ভারতীয় মহিলারা দেশের ভবিষ্যত নির্ধারনে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। 'এক দেশ, এক নির্বাচন' বিল - যা ইতিমধ্যেই সংসদে পেশ করা হয়েছে, তা দেশে সু-শাসনের নতুন সংজ্ঞা তৈরী করতে চলেছে বলে তিনি আশা প্রকাশ করেন।

Republic Day-Special invitee :

৭৬তম প্রজাতন্ত্র দিবস উপলক্ষ্যে আজ দিল্লির কর্তব্য পথে কুচকাওয়াজ প্রত্যক্ষ করবে সমগ্র দেশ। এবারের প্রজাতন্ত্র দিবসে আমন্ত্রিত হয়েছেন ১০ হাজার বিশেষ অতিথি।

আমন্ত্রিতদের মধ্যে রয়েছেন পিএম যশস্বী বৃত্তি পাওয়া ছাত্রছাত্রী থেকে শুরু করে, অঙ্গনওয়াড়ি কর্মী, ত্রি-স্তর পঞ্চায়েত প্রতিনিধি, বন সংরক্ষক, কারুশিল্পী তথা পানীয় জল, গ্রামোন্নয়ন, বনধন যোজনা, পি এম জনমন, মৎস্য সম্পদ প্রভৃতি যোজনার সুবিধাভোগীরা।

উল্লেখ্য, এরমধ্যে ত্রিপুরা থেকে আমন্ত্রণ পেয়েছেন মোট ৯৫ জন।

Republic Day-Tripura :

রাজ্যও আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে ৭৬তম প্রজাতন্ত্র দিবস উদযাপন করা হচ্ছে। আজ প্রজাতন্ত্র দিবসের অনুষ্ঠান শুরু হয়েছে, সকালে সব সরকারি ও বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে। প্রজাতন্ত্র দিবসের মূল অনুষ্ঠানটি হবে আগরতলার আসাম রাইফেলস ময়দানে। সকাল ৯টায় আসাম রাইফেলস ময়দানে জাতীয় পতাকা উত্তোলন করবেন ও কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করবেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু।

দুপুর ১২টা ৩০ মিনিটে প্রজ্ঞাভবনে অনুষ্ঠিত হবে প্রাক্তন সৈনিকদের অনুষ্ঠান। রাজভবনে এক ঘরোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে বিকাল ৪টায়। সন্ধ্যা ৬টায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনে রাজ্যভিত্তিক জনজাতি লোকনৃত্য অনুষ্ঠানের পুরস্কার বিতরণ করা হবে। রাত সাড়ে ৮টায় মহারানী তুলসীবতী বালিকা বিদ্যালয়ে জনজাতি নেতৃবৃন্দের প্রীতি নৈশ ভোজের আয়োজন করা হয়েছে।

এছাড়া, প্রজাতন্ত্র দিবস উপলক্ষে হাসপাতাল, দৃষ্টিহীন শিক্ষা প্রতিষ্ঠান, সংশোধনাগার ও শিশুভবনের আবাসিকদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হবে।

অন্যদিকে, এডিসি'র উদ্যোগে খুমলুংস্থিত খুম্পুই একাডেমি স্কুল মাঠে আয়োজিত মূল অনুষ্ঠানে সকাল ৯টায় জাতীয় পতাকা উত্তোলন ও অভিবাদন গ্রহণ করবেন এডিসি'র চেয়ারম্যান জগদীশ দেববর্মা।

Awards on Republic Day :

প্রজাতন্ত্র দিবস উপলক্ষ্যে এ বছর রাজ্য থেকে রাষ্ট্রপতির বিশিষ্ট সেবা পদক পাচ্ছেন রাজ্য পুলিশের এডিজি জি এস রাও। এছাড়া রাজ্যের ৬ জন পুলিশ আধিকারিক পাচ্ছেন পুলিশ মেডেল।

পুরস্কার প্রাপকরা হলেন আইপিএস বিজয় দেববর্মা, আই পি এস মানিক দাস, ডিএসপি পান্নালাল সেন, অজয় দেববর্মা এবং শ্যামল দেববর্মা, সুবেদার নিরঙ্গন দেববর্মা। এছাড়া হোম গার্ড এবং সিভিল ডিফেন্স পদকের জন্য মনোনীত হয়েছেন রঞ্জিসাইমা ডার্লং। আগামী ১৫ই আগস্ট এই প্রাপকদের হাতে পদক তুলে দেওয়া হবে।

Greetings-CM :

প্রজাতন্ত্র দিবস উপলক্ষে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্যবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। শুভেচ্ছাবার্তায় তিনি বলেন, সংবিধানের প্রতি দায়িত্বনিষ্ঠ থেকে সকল নাগরিকদেরই উচিত উন্নত দেশ ও জাতি গঠনে নিজেদেরকে নিয়োজিত করা।

Voters' Day :

সারাদেশে গতকাল পালিত হয়েছে পঞ্চদশ জাতীয় ভোটার দিবস। জাতীয় ভোটার দিবসে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী বলেছেন, দিনটি ভারতের প্রাণবন্ত গণতন্ত্রের এবং প্রতিটি নাগরিককে তাদের ভোটের অধিকার প্রয়োগ করার ক্ষমতা দেওয়ার উদ্যাপন।

Voters Day-Governor :

আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে গতকাল রাজ্যভিত্তিক জাতীয় ভোটার দিবসের মূল অনুষ্ঠানের উদ্বোধন করেন মুখ্যসচিব জে কে সিনহা। তিনি বলেন, ত্রিপুরায় জনগণ শান্তিপূর্ণ পরিবেশে নিজেদের মতাধিকার প্রয়োগ করতে পারছেন। এই রাজ্যে লোকসভা ও বিধানসভা নির্বাচনে ভোটদানের হারে নজির সৃষ্টি হয়েছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু

চৌধুরী, রাজ্যের মুখ্য নির্বাচনী অধিকারিক ব্রিজেশ পাল্ডে প্রমুখ। অনুষ্ঠানে গত বিধানসভা ও লোকসভা নির্বাচনে উল্লেখযোগ্য ভূমিকা পালনের জন্য রাজ্যের কয়েকজন নির্বাচনী অধিকারিককে শংসাপত্র প্রদান করা হয়। তাছাড়া বেশ কয়েকজন নতুন ভোটারের হাতে সচিত্র পরিচয় পত্র তুলে দেওয়া হয়।

এদিকে, জাতীয় ভোটার দিবস উপলক্ষ্যে গতকাল আগরতলার রাজভবনে আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু, জাতীয় ভোটার দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে, ১০০ শতাংশ ভোটদান করার পক্ষে মত প্রকাশ করেন। তিনি বলেন, নিজের পছন্দের সরকার গড়তে হলে ভোটকেন্দ্রে গিয়ে ভোটদান করা অত্যন্ত জরুরি। অনুষ্ঠানে রাজ্যপাল ২৯ জন নতুন ভোটারের হাতে সচিত্র পরিচয় পত্র তুলে দেন।

TPEA Smmelon:

ত্রিপুরা পঞ্চায়েত কর্মচারী সমিতির পঞ্চম ত্রি-বার্ষিক রাজ্যস্তরীয় সম্মেলন, গতকাল আগরতলা প্রেস ক্লাবে অনুষ্ঠিত হয়। সম্মেলন থেকে আগামী ৩ বছরের জন্য সংগঠনের কার্যকরী কমিটি গঠন করা হয়। একদিনের এই সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, বিধায়ক সুদীপ রায় বর্মন, ত্রিপুরা প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, সংগঠনের সভাপতি ও সম্পাদক সহ অন্যান্যরা।

Padmasree :

স্বরাষ্ট্রমন্ত্রক গতকাল ২০২৫ সালের জন্য পদ্ম পুরস্কারের ঘোষণা উড়েছে। ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য তথা শিক্ষাবিদ অরুণোদয় সাহা পদ্মশ্রী পুরস্কারের জন্য মনোনিত হয়েছেন।

Republic Day-Sports :

প্রজাতন্ত্র দিবস উপলক্ষ্যে আগরতলায় আয়োজিত দূরপাল্লার দৌড়ে পুরুষ বিভাগে রাণীরবাজার প্লে সেন্টারের তনয় ভৌমিক এবং মহিলা বিভাগে খেলো ইন্ডিয়া ক্লিমের লক্ষ্মী রানী ত্রিপুরা প্রথম স্থান দখল করেন। ক্রীড়া দপ্তরের উদ্যোগে গতকাল সকালে ওই দৌড় অনুষ্ঠিত হয়। উমাকান্ত একাডেমির সামনে থেকে পুরুষ বিভাগে পাঁচ কিলোমিটার এবং মহিলা বিভাগে তিন কিলোমিটার দৌড় হয়।

Ranji Trophy :

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় ত্রিপুরার বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড নিয়েছে সফরকারী সার্ভিসেস। এম বি বি স্টেডিয়ামে গতকাল তৃতীয় দিনে ১ উইকেটে ১১৪ রান থেকে ব্যাট করতে নেমে সার্ভিসেস প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ২৯৪ রান করে। ৮২ রানে পিছিয়ে থেকে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ২ উইকেট হারিয়ে ১৪০ রান করে।

Under 15 Cricket :

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সদরের অনুর্ধ্ব ১৫ বছরের ক্রিকেট প্রতিযোগিতায় গতকাল তিনটি খেলা অনুষ্ঠিত হয়। নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে এগিয়ে চলো সংঘ ১০৫ রানে কর্ণেল কোচিং সেন্টারকে, নেপকো মাঠে মডার্ন ক্রিকেট একাডেমি ৬ উইকেটে তরুণ সংঘ কোচিং সেন্টারকে এবং তালতলা মাঠে এন এস আর সি সি ১৪৭ রানে ব্লাডমাউথ ক্লাবকে প্রারজিত করে।

Weather:

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ প্রধানত পরিস্কার থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৪

ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। আগরতলা বিমানবন্দরে আজ
ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২.৪ ডিগ্রি সেলসিয়াস।

* * * * *

* * * * *